

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.imed.gov.bd

স্মারক নং-২১.০০.০০০০.০২২.১৪.০০১.১৭-৩৭(৯০)

২৩ কার্টিক ১৪২৪ বঙ্গাব্দ
তারিখ: -----
০৭ নভেম্বর ২০১৭খ্রিষ্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ রাজস্ব/ উন্নয়ন বাজেটের আওতায় পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ/ নিজস্ব জনবলের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ভুক্ত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সরকারি খাতে রাজস্ব/ উন্নয়ন বাজেটের আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অন্তর্ভুক্ত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি ও নির্দেশনা অনুসৃত হবেঃ

১.০। নিবিড় পরিবীক্ষণের জন্য প্রকল্প নির্বাচন, সমন্বয় ও বাজেট বিভাজন পদ্ধতি:

- ১.১ বাজেট বরাদ্দ প্রাপ্তির প্রেক্ষিতে প্রতি বছর রাজস্ব/ উন্নয়ন খাতে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-এর পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টরসমূহের আওতায় বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগের চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা করা হবে। এ উদ্দেশ্যে প্রকল্প নির্বাচনের ক্ষেত্রে নিম্নরূপ বিষয়াদি বিবেচনায় নিতে হবেঃ
 - (ক) প্রকল্পটি কারিগরি/ আর্থ-সামাজিক বিবেচনায় সরকারের অগ্রাধিকার ভিত্তিক ও জনগুরুত্বপূর্ণ প্রকল্প হতে হবে;
 - (খ) প্রকল্পটি এডিপিভুক্ত চলতি বিনিয়োগ প্রকল্প হতে হবে (বিশেষ ক্ষেত্রে গুরুত বিবেচনায় চলতি কারিগরি প্রকল্প হতে পারে) এবং এর বাস্তবায়নকাল সমীক্ষা শেষ হওয়ার পর আরও অন্তত: এক বছর থাকতে হবে;
 - (গ) প্রকল্পটির ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি সাধারণভাবে ৪০% হতে হবে; এবং
 - (ঘ) কোন প্রকল্প একবারের বেশী সাধারণভাবে নিবিড় পরিবীক্ষণের আওতায় আনা যাবে না।
- ১.২ পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টরসমূহ কর্তৃক পরিচালিত চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের পরামর্শক /পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ/ নিজস্ব জনবল চূড়ান্তকরণসহ প্রাক-প্রস্তুতিমূলক কার্যক্রম পরিচালনা এবং নিবিড় পরিবীক্ষণের সার্বিক সমন্বয় আইএমইডি'র সংশ্লিষ্ট পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টরের মাধ্যমে সম্পাদন করা হবে। পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (পিওসি) সংযোজনী -১ ও প্রস্তাব মূল্যায়ন কমিটি (পিইসি) সংযোজনী-২ অনুযায়ী গঠন করতে হবে।
- ১.৩ আইএমইডি'র স্ব স্ব সেক্টরের প্রধান/ মহাপরিচালক কর্তৃক নির্দেশিত হয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিবিড় পরিবীক্ষণ কাজের সার্বিক সমন্বয় সম্পন্ন করবেন এবং প্রকল্প নির্বাচন হতে শুরু করে পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ/নিজস্ব জনবল চূড়ান্তকরণ পর্যন্ত সার্বিক কার্যক্রম ও প্রয়োজনীয় অনুমোদনের বিষয়ে নথিপত্র প্রধান/ মহাপরিচালকের মাধ্যমে সচিব বরাবর উপস্থাপন করবেন;
- ১.৪ (ক) সংশ্লিষ্ট পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর চলতি অর্থ বছরের বাস্তবায়নাধীন প্রকল্প হতে নিবিড় পরিবীক্ষণ উপযোগী প্রকল্প সেক্টর প্রধান/ মহাপরিচালকের নেতৃত্বে একটি প্রাথমিক তালিকা প্রস্তুত করবে। প্রাথমিক তালিকা প্রস্তুতের ক্ষেত্রে প্রকল্প বাস্তবায়নকারি মন্ত্রণালয়/বিভাগ হতে প্রয়োজনে নিবিড় পরিবীক্ষণের লক্ষ্যে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করতে হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত নিবিড় পরিবীক্ষণ উপযোগী প্রকল্পের সংখ্যা আইএমইডির বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত নিবিড় পরিবীক্ষণ লক্ষ্যমাত্রার সর্বোচ্চ তিনি গুণিতক হবে।
(খ) সংশ্লিষ্ট অর্থ বছরের বাজেট ও Annual Performance Agreement (APA) এর আলোকে পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান ও নিজস্ব জনবল দ্বারা পরিচালিতব্য নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার সংখ্যা চূড়ান্ত করতে হবে;

- (গ) অর্থবছরের শুরুতে প্রথম কোয়ার্টারে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রকল্প তালিকা হতে নির্ধারিত প্রকল্প বাছাই সংক্রান্ত ছক (সংযোজনী-৩) সেক্টর প্রধান/ মহাপরিচালকগণ দ্রুততম সময়ের মধ্যে প্রশাসন অনুবিভাগ বরাবরে প্রেরণ নিশ্চিত করবেন;
- (ঘ) প্রশাসন অনুবিভাগ সংশ্লিষ্ট সেক্টর হতে প্রাপ্ত প্রকল্প তালিকা চূড়ান্তভাবে বাছাইয়ের জন্য দ্রুততম সময়ের মধ্যে সচিব, আইএমইডি'র নেতৃত্বে গঠিত প্রকল্প নির্বাচন ও বাজেট বিভাজন কমিটির (সংযোজনী-৪) নিকট উপস্থাপনকরণ: নিবিড় পরিবীক্ষণের জন্য প্রকল্প নির্বাচন চূড়ান্ত করবে এবং পত্রিকা বিজ্ঞপ্তি প্রস্তুত, পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং আইএমইডি ও সিপিটিই-এর ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। উল্লিখিত কমিটি সমীক্ষা ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যয় বিভাজন করে সচিবের অনুমোদনক্রমে অর্থ বিভাগের অনুমোদন গ্রহণ করবে।
- (ঙ) নিজস্ব জনবল দ্বারা পরিচালিত সমীক্ষা ব্যয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ নির্দেশনা অনুসরণ করতে হবে;
- (চ) প্রতিটি সমীক্ষার জন্য নির্ধারিত বাজেটের আলোকে প্রকল্প নিবিড় পরিবীক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।

২.০ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পদ্ধতিঃ

নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য গৃহীত প্রকল্পসমূহ নিম্নবর্ণিত যে কোন এক বা একাধিক পদ্ধতিতে করা যেতে পারে:

- (ক) আউটসোর্সিং: পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের মাধ্যমে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা;
- (খ) ইন-হাউজ: নিজস্ব জনবল দ্বারা নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা।

৩.০. পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ:

- ৩.১ পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান এর মাধ্যমে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি ক্রয় আইন এবং বিধিমালা [পাবলিক প্রকিউরমেন্ট এ্যাস্ট (পিপিএ)-২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ ও সময় সময় সংশোধিত সংশ্লিষ্ট বিধি বিধান] অনুসরণ করতে হবে;
- ৩.২ পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম সম্পাদন করা হবে। তবে পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্ষেত্রে সমীক্ষায় নিয়োজিতব্য পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শকদের সর্বোচ্চ বয়স সীমা ৬৫ (পাঁয়ষষ্ঠি) এর মধ্যে সীমাবদ্ধ থাকবে;
- ৩.৩ চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে বিদ্যমান সরকারি ক্রয় আইন ও বিধিমালার আওতায় বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের বিভিন্ন পদ্ধতি অনুসরণের পাশাপাশি ক্ষেত্র বিশেষে প্রয়োজনীয় যৌক্তিক কারণে সরকারি এবং স্বায়ত্ত্বাস্তিত, আধা-স্বায়ত্ত্বাস্তিত বা বিধিবদ্ধ প্রতিষ্ঠানকে একক উৎসভিত্তিক নির্বাচন পদ্ধতির মাধ্যমে পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা যাবে;
- ৩.৪ পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের মেয়াদকাল নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের প্রকৃতি বিবেচনায় নির্ধারণ করতে হবে। তবে পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের পর বিশেষ ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজন বোধে বিধি মোতাবেক পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের মেয়াদকাল বৃদ্ধি করতে পারবে। সেক্ষেত্রে নির্ধারিত চুক্তি মূল্য অপরিবর্তিত থাকবে;
- ৩.৫ চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজের জন্য নিয়োগকৃত ব্যক্তি পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান তাদের কার্য সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক সহযোগী জনবল/ তথ্য সংগ্রহকারী নিয়োগ করবে এবং তাদের পারিশ্রমিক/ ভাতাদি চুক্তিমূল্যের মধ্যেই অন্তর্ভুক্ত থাকবে;
- ৩.৬ চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপরিধি (Terms of Reference -TOR) বিভাগের সচিব কর্তৃক অনুমোদিত হতে হবে। নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনায় পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের TOR যথাসম্ভব সংক্ষিপ্ত ও সুনির্দিষ্ট করার লক্ষ্যে নিম্নরূপ বিষয়বাদি বিবেচনায় নিতে হবে:
- (ক) পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানকে নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনার জন্য নির্বাচিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি এবং সম্পাদিত কাজের পরিমাণ ও গুণগত মান সম্পর্কে (প্রযোজ্য ক্ষেত্রে ল্যাবরেটরী টেস্টিং করতে হবে) সুস্পষ্ট পর্যবেক্ষণ ও তার আলোকে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করতে হবে;

- (খ) প্রকল্পের আংশিক কাজ বাস্তবায়নের পর প্রযোজ্য ক্ষেত্রে সুফল সৃষ্টি হয়েছে কিনা কিংবা প্রকল্পটি পরিকল্পনা মোতাবেক বাস্তবায়িত হলে লক্ষ্যমাত্রা অনুযায়ী সুফল অর্জন করা সম্ভব হবে কিনা সে বিষয়ে মাঠ পর্যায় হতে প্রাইমারী ডাটা সংগ্রহ ও তা বিশ্লেষণের মাধ্যমে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ ও সুপারিশ প্রদান করতে হবে;
- (গ) প্রকল্পের ক্রয়কার্য সম্পাদনে বিদ্যমান সরকারি ক্রয় আইন এবং বিধিমালা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা অনুসন্ধানসহ প্রকল্প ব্যবস্থাগুলো সম্পর্কে সুনির্দিষ্ট পর্যবেক্ষণ থাকতে হবে; এবং
- (ঘ) উপরোক্ত বিষয় ছাড়াও কার্যপরিধি বা ToR-এ সংযোজনী-৫ এ বর্ণিত বিষয়গুলো অনুসরণ করতে হবে;

৩.৭ নির্বাচিত পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের পর কর্মপরিকল্পনা অনুযায়ী কোন পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কাজ না করলে অথবা চুক্তি বাতিল হলে সচিব-এর অনুমোদনক্রমে একই কাজের জন্য পুনরায় নতুন পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ করা যাবে।

- ৪.০ **পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা ও ব্যবস্থাপনাঃ**
- ৪.১ সচিব কর্তৃক অনুমোদনের পর নির্বাচিত পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদনের বিষয়টি সংশ্লিষ্ট পরিবীক্ষণ ও মূল্যায়ন সেট্টের প্রধান/ মহাপরিচালক কর্তৃক সম্পন্ন করতে হবে;
- ৪.২ পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ চূড়ান্ত করার পর পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন সেট্টেরসমূহের প্রধান/ মহাপরিচালক এর তত্ত্বাবধানে সম্পন্ন করতে হবে;
- ৪.৩ নিবিড় কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের পর নির্বাচিত সকল পরামর্শক প্রতিষ্ঠান/ পরামর্শকদের নিয়ে একটি ওরিয়েন্টেশন ওয়ার্কশপের আয়োজন করতে হবে। নিবিড় পরিবীক্ষণ প্রতিবেদনের সামঞ্জস্য (uniformity) রক্ষার নিমিত্ত ওরিয়েন্টেশন ওয়ার্কশপে পরামর্শকের সাথে সম্পাদিত চুক্তিতে উল্লিখিত ToR এর আলোকে ইনসেপশন প্রতিবেদন (Inception report), ১ম খসড়া প্রতিবেদন (1st Draft Report), ২য় খসড়া প্রতিবেদন (2nd Draft Report), খসড়া চূড়ান্ত প্রতিবেদন (Draft Final Report) ও চূড়ান্ত প্রতিবেদন (Final Report) এর রূপরেখা নির্ধারণ করতে হবে।

৫.০ পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রতিবেদন দাখিলঃ

- ৫.১ প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের জন্য পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত চুক্তির আওতায় নির্ধারিত মেয়াদের মধ্যে পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি প্রকল্পের জন্য ইনসেপশন প্রতিবেদন (Inception Report), ১ম খসড়া প্রতিবেদন (1st Draft Report), ২য় খসড়া প্রতিবেদন (2nd draft Report) ও ওয়ার্কশপের সুপারিশের আলোকে চূড়ান্ত প্রতিবেদন (Final Report) প্রণয়ন করতে হবে। উল্লিখিত প্রতিবেদনসমূহ সংযোজনী-৬ এ বর্ণিত নমুনা কাঠামো অনুযায়ী প্রণয়ন এবং দ্রুততম সময়ে দাখিল করতে হবে;
- ৫.২ প্রতিবেদনসমূহ বাংলা ভাষায় প্রণয়ন করতে হবে এবং অনুমোদিত চূড়ান্ত প্রতিবেদন ToR অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কপি ইংরেজি ভাষায় অনুবাদ করতে হবে;
- ৫.৩ চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় কার্যপরিধি (Terms of Reference-ToR), পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত ইনসেপশন প্রতিবেদন (Inception Report) ও ১ম খসড়া প্রতিবেদন (1st Draft Report) প্রয়োজনীয় যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করার জন্য প্রতিটি সমীক্ষার বিপরীতে সংযোজনী-৭ এ বর্ণিত রূপরেখা মোতাবেক টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে। টেকনিক্যাল কমিটির সুপারিশের ভিত্তিতে ইনসেপশন প্রতিবেদন (Inception Report) পুণঃপ্রণয়ন করে স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করতে হবে। স্টিয়ারিং কমিটি (সংযোজনী-৮ মোতাবেক গঠিত) সুপারিশের ভিত্তিতে ইনসেপশন রিপোর্ট চূড়ান্ত করতে হবে।
- ৫.৪ টেকনিক্যাল কমিটির সুপারিশের ভিত্তিতে সংশোধিত ১ম খসড়া প্রতিবেদন (1st Draft Report) চূড়ান্ত করার জন্য স্টিয়ারিং কমিটিতে উপস্থাপন করতে হবে। স্টিয়ারিং কমিটির সুপারিশের প্রেক্ষিতে ১ম খসড়া প্রতিবেদন (1st Draft Report) পুণঃগঠিত করে তা সচিব-এর অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। সচিব-এর অনুমোদনের পর তা ২য় খসড়া প্রতিবেদন (2nd Draft Report) আকারে বিবেচিত হবে। ২য় খসড়া প্রতিবেদন (2nd Draft Report) কর্মশালায় (ওয়ার্কশপ) উপস্থাপন করতে হবে।
- ৫.৫ ওয়ার্কশপের সুপারিশের আলোকে চূড়ান্ত খসড়া প্রতিবেদন (Final Draft Report) বাংলায় (নিকস ফন্টে) ও ইংরেজিতে (Times New Roman ফন্টে) প্রণয়ন করতে হবে। ওয়ার্কশপের সুপারিশ অনুযায়ী চূড়ান্ত প্রতিবেদন যথাযথভাবে প্রণীত হয়েছে কিনা তা টেকনিক্যাল কমিটি যাচাই করবে এবং তা অনুমোদনের জন্য এ বিভাগের সচিবের নিকট উপস্থাপন করতে হবে। সচিব কর্তৃক চূড়ান্ত খসড়া প্রতিবেদন (Final Draft Report) অনুমোদনের পর ‘চূড়ান্ত প্রতিবেদন (Final Report)’

সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নিকট বিতরণ করতে হবে। প্রকাশিত প্রতিবেদন পরীক্ষাতে কোন ত্রুটি পাওয়া গেলে ToR এর শর্তানুযায়ী পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠানকে ত্রুটি মুক্ত করে পুনরায় দাখিল করতে হবে।

৬.০ পরামর্শক বা পরামর্শক প্রতিষ্ঠানের বিল/মূল্য পরিশোধঃ

- ৬.১ পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়ে কিসিভিতিক উপস্থাপিত বিল উক্ত পর্যায়/ পর্যায়সমূহের বর্ণিত শর্তাদি যথাযথ প্রতিপালন হলে স্ব-স্ব পরিবীক্ষণ ও মূল্যায়ন সেষ্টের সংশ্লিষ্ট কর্মকর্তা ও সেষ্টের প্রধান/ মহাপরিচালক এর মাধ্যমে সুনির্দিষ্ট সুপারিশসহ সচিব বরাবরে অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে;
- ৬.২ পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার বিষয়ে সমুদয় বিল বিভাগের সচিব কর্তৃক অনুমোদনের পর বিলসমূহের সরকারি মঞ্চুরী আদেশ স্ব-স্ব মনিটরিং সেষ্টের জারি করবে ;
- ৬.৩ নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় প্রতিবেদন প্রণয়নের পর্যায়ের ওপর ভিত্তি করে পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানকে নিম্নরূপভাবে বিল পরিশোধ করা হবেঃ
- (ক) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইনসেপশন প্রতিবেদন (Inception Report) অনুমোদনের পর পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের নিকট হতে বিলের দাবী (রি-ইমবারসিবল পে-মেটের ক্ষেত্রে প্রয়োজনীয় বিল-ভাউচারসহ) প্রাপ্তির প্রেক্ষিতে প্রথম কিসিতে মোট চুক্তি মূল্যের সর্বোচ্চ ২০% বিল প্রদান করা যাবে;
- (খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ২য় খসড়া প্রতিবেদন (2nd Draft Report) অনুমোদনের পর পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের নিকট হতে বিলের দাবী (রি-ইমবারসিবল পে-মেটের ক্ষেত্রে প্রয়োজনীয় বিল ভাউচারসহ) প্রাপ্তির প্রেক্ষিতে দ্বিতীয় কিসিতে মোট চুক্তি মূল্যের সর্বোচ্চ ৪০% বিল প্রদান করা যাবে;
- (গ) ToR অনুযায়ী নির্ধারিত সংখ্যক চূড়ান্ত প্রতিবেদন (Final Report) বাংলা ও ইংরেজি ভাষায় প্রাপ্তির পর পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের নিকট হতে বিলের দাবী (রি-ইমবারসিবল পে-মেটের ক্ষেত্রে প্রয়োজনীয় বিল ভাউচারসহ) প্রাপ্তির প্রেক্ষিতে সংশ্লিষ্ট প্রধান/ মহাপরিচালকের সুনির্দিষ্ট প্রত্যয়নের ভিত্তিতে তৃতীয় কিসিতে মোট চুক্তি মূল্যের অবশিষ্ট অর্থ প্রদান করা যাবে ; এবং
- (ঘ) বিল পরিশোধের পদ্ধতি চুক্তিতে উল্লেখ থাকবে।

৭.০ নিজস্ব জনবল দ্বারা নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা:

নিজস্ব জনবল দ্বারা নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নিম্নরূপ ধাপ/পর্যায় সম্পন্ন করতে হবেঃ

৭.১ গৃহীত প্রকল্পের দায়িত্ব বন্টন:

নিজস্ব জনবল দ্বারা পরিচালনাযোগ্য প্রকল্পসমূহের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট পরিচালক, উপ পরিচালক, সহকারী পরিচালক ও মূল্যায়ন কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব বন্টন করতে হবে এবং সার্বিক কাজটি প্রধান/ মহাপরিচালকের সরাসরি তত্ত্বাবধানে সম্পন্ন হবে।

৭.২ তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/সুপারভাইজার নিয়োগ:

আইএমইডি এর সেষ্টেরসমূহের জনবলের অভাব থাকায় অস্থায়ীভাবে প্রয়োজনীয় সংখ্যক তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/সুপারভাইজার নিয়োগ করা হবে। প্রতি অর্থ বছরে গৃহীত নিজস্ব জনবল দ্বারা সম্পাদিত সমীক্ষার বিপরীতে তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/ সুপারভাইজার নিয়োগের জন্য নিয়মানুযায়ী কমপক্ষে ২টি জাতীয় দৈনিক পত্রিকায় (একটি বাংলা ও একটি ইংরেজী) নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/ সুপারভাইজার-এর নিম্নরূপ যোগ্যতা থাকতে হবে।

- (১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
 - (২) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক/স্নাতকোত্তর ডিপ্লোমাটি হতে হবে;
 - (৩) বয়স অনুরুধ ৪০ বছর হতে হবে;
 - (৪) মাঠ পর্যায়ে প্রকল্পের তথ্য সংগ্রহকাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে;
- প্যানেল এর সংখ্যা একশত এর বেশী হবে না। প্যানেল থেকে অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্পওয়ারী তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/ সুপারভাইজার নিয়োগ করা যেতে পারে। বিশেষ ক্ষেত্রে কোন কারণে কোন বছর প্যানেল তৈরী করতে

বিধি মোতাবেক পর্যাপ্ত সময় না পেলে অব্যবহিত পূর্বের বছরের প্যানেল হতে সচিবের অনুমোদন গ্রহণপূর্বক অস্থায়ী তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/ সুপারভাইজার নিয়োগের ব্যবস্থা করা যেতে পারে।

তথ্য সংগ্রহকারী এবং সহায়ক জনবল/সুপারভাইজার নিয়োগের ক্ষেত্রে মৌখিক পরীক্ষার মাধ্যমে তথ্য সংগ্রহকারীর প্যানেল করা যেতে পারে। মৌখিক পরীক্ষার মাধ্যমে প্যানেল তৈরী করার লক্ষ্যে সংশ্লিষ্ট সেক্টরে একটি কমিটি থাকবে। উক্ত কমিটির গঠন ও কার্যপরিধি নিম্নরূপ হতে পারেঃ

কমিটির গঠনঃ

- | | | |
|----|--|--------------|
| ক) | প্রধান/ মহাপরিচালক (সংশ্লিষ্ট সেক্টর) | : আহবায়ক |
| খ) | পরিচালক | : সদস্য |
| গ) | একজন বহি: সদস্য | : সদস্য |
| ঘ) | উপ পরিচালক/সহকারী পরিচালক | : সদস্য সচিব |

কমিটির কার্যক্রমঃ

মৌখিক পরীক্ষার মাধ্যমে সর্বোচ্চ একশত জন নিয়ে প্যানেল করে তা সচিব এর নিকট হতে অনুমোদন নিতে হবে। প্যানেল থেকে মাঠকর্মী নির্বাচনের ক্ষেত্রে একই ব্যক্তিকে একই অর্থ বছরে একটির বেশী প্রকল্পের জন্য নির্বাচন করা যাবে না। নিজস্ব জনবল দ্বারা পরিচালিত প্রতিটি প্রকল্পের জন্য মেধাক্রমানুযায়ী অস্থায়ী নিয়োগের ক্ষেত্রে নিয়োগপত্র প্রদান করতে হবে। নিয়োগপত্রে নিয়োগের শর্ত, বেতন/ভাতা ও কর্মপরিধির উল্লেখ থাকতে হবে। এ অস্থায়ী নিয়োগ কর্তৃপক্ষ নিজস্ব প্রয়োজনে যে কোন সময়ে বাতিল করার অধিকার সংরক্ষণ করবেন।

৭.৩ স্টাডি ডিজাইন প্রণয়নঃ

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ দায়িত্বপ্রাপ্তির পরে নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য আনুষ্ঠানিক স্টাডি ডিজাইন, সার্ভে সিডিউল/ প্রশ্নমালা প্রণয়ন করবেন এবং টেকনিক্যাল কমিটির সভা আহবান করে পরীক্ষা নিরীক্ষার জন্য তা সভায় উপস্থাপন করবেন।

৭.৪ স্টাডি ডিজাইন এর উপর টেকনিক্যাল ও স্টিয়ারিং কমিটির সভা:

নিজস্ব জনবল দ্বারা প্রণীত স্টাডি ডিজাইন ও সার্ভে সিডিউল/প্রশ্নমালা প্রয়োজনীয় যাচাই-বাছাইপূর্বক চূড়ান্ত করার জন্য প্রতিটি সমীক্ষার বিপরীতে “সংযোজনী-৭” এ বর্ণিত বৃপরেখা মোতাবেক টেকনিক্যাল কমিটি গঠন করতে হবে। টেকনিক্যাল কমিটির যাচাই-বাছাইয়ের ভিত্তিতে সুপারিশকৃত প্রতিবেদন অনুমোদনের লক্ষ্যে প্রতিটি সমীক্ষার বিপরীতে “সংযোজনী-৮” এ বর্ণিত বৃপরেখা মোতাবেক গঠিত স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করতে হবে। স্টিয়ারিং কমিটির সুপারিশ বিবেচনার পর স্টাডি ডিজাইন সচিব কর্তৃক অনুমোদন করতে হবে।

৭.৫ নিজস্ব জনবল দ্বারা নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনে অন্যান্য বিষয়াবলী পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান এর অনুরূপ নির্দেশনা (অনুচ্ছেদ ৩.৬ হতে ৫.৫) অনুসরণ করতে হবে।


৭.৬ ব্যয় পরিশোধ:

নিজস্ব জনবল দ্বারা পরিচালিত নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় প্রতিবেদন প্রণয়নের পর্যায়ের যে সকল ব্যয় হবে তা পর্যায়ের উপর ভিত্তি করে নিম্নরূপভাবে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

- (ক) সচিব কর্তৃক স্টাডি ডিজাইন অনুমোদনের পর স্টাডি ডিজাইনের জন্য নির্ধারিত ব্যয় প্রদান করা যাবে;
- (খ) সচিব কর্তৃক প্রথম খসড়া প্রতিবেদন (1st Draft Report) অনুমোদনের পর প্রথম খসড়া প্রতিবেদন (1st Draft Report) এর জন্য নির্ধারিত ব্যয় প্রদান করা যাবে;
- (গ) সচিব কর্তৃক বাংলা ও ইংরেজি চূড়ান্ত প্রতিবেদন (Final Report) অনুমোদনের পর বাংলা ও ইংরেজি ভাষায় প্রণীত চূড়ান্ত প্রতিবেদন (Final Report) এর জন্য নির্ধারিত ব্যয় প্রদান করা যাবে;



- ৮.০ Inception Report ও চূড়ান্ত প্রতিবেদন সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সেটের প্রধান/ মহাপরিচালকের তত্ত্বাবধানে ও সদস্য বিশিষ্ট একটি সম্পাদনা প্যানেল থাকবে। প্যানেলে প্রকল্প পরিবীক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিবর্গ অন্তর্ভুক্ত হবেন;
- ৯.০ পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক চুক্তির শর্ত ভঙ্গের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এবং চুক্তির শর্তানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।
- ১০.০ সকল কমিটির সদস্যগণ নির্ধারিত হারে সম্মানী ভাতা প্রাপ্ত হবেন।
- ১১.০ এ পরিপত্রটি অবিলম্বে কার্যকর হবে এবং এ পরিপত্র জারির সাথে সাথে পূর্ববর্তী পরিপত্রটি বাতিল বলে গণ্য হবে।



(মো: মাফিজুল ইসলাম)

সচিব

বিতরণ (জ্যৈষ্ঠতার ক্রমানসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ডেজগাঁও, ঢাকা।
- ২। মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সিএন্ডএজির কার্যালয়, ৪৩ নং কাকরাইল সড়ক, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।

স্মারক নং-২১.০০.০০০০.০২২.১৪.০০১.১৭-৩৭৯(৯০)

২৩ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ
০৭ নভেম্বর ২০১৭খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ:

- ১। অতিরিক্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। মুগ্ধ-সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৪। মহাপরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন সেট-১/২/৩/৪/৫/৬/৭/৮), সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৬। উপ-সচিব/পরিচালক (সকল), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিনিয়র সহকারী সচিব/উপ-পরিচালক/সহকারী সচিব/সহকারী পরিচালক (সকল), আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১১। লাইব্রেরীয়ান, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১২। অফিস কপি।



(আনার কলি মাহবুব)

উপসচিব (প্রশাসন-৩)

সংযোজনী-১

প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (পিওসি)

১।	সমন্বয়কারী পরিচালক (সংশ্লিষ্ট সেক্টর)	আহবায়ক
২।	পরিচালক (সংশ্লিষ্ট সেক্টর) আইএমইডি	সদস্য
৩।	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা (ডেক্ষ অফিসার), আইএমইডি	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে প্রাপ্ত প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী প্রস্তাব উন্মুক্তকরণ ও প্রতিবেদন প্রস্তুত পূর্বক সুনির্দিষ্ট সুপারিশসহ প্রস্তাব মূল্যায়ন কমিটি (পিইসি)-এর নিকট উপস্থাপন করবে;
- (২) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাদি সম্পন্ন করবে।

প্রস্তাব মূল্যায়ন কমিটি (পিইসি)

১।	প্রধান/ মহাপরিচালক (সংশ্লিষ্ট সেক্টর), আইএমইডি	আহবায়ক
২।	পরিচালক/ উপপরিচালক, সংশ্লিষ্ট সেক্টর, আইএমইডি	সদস্য
৩।	উপসচিব-১/২/৩,(প্রশাসন অনুবিভাগ কর্তৃক মনোনীত)	সদস্য
৪।	বহিৎ সদস্য-১	সদস্য
৫।	বহিৎ সদস্য-২	সদস্য
৬।	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা (ডেক্ষ অফিসার), আইএমইডি	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগে প্রাপ্ত প্রস্তাবসমূহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুযায়ী প্রস্তাব মূল্যায়ন ও প্রতিবেদন প্রস্তুত পূর্বক সুনির্দিষ্ট সুপারিশসহ অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবে;
- (২) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাদি সম্পর্ক করবে।

প্রকল্প বাছাই সংক্রান্ত ছক

- ০১। প্রকল্পের নাম :
 ০২। মন্ত্রণালয়/ বিভাগ :
 ০৩। বাস্তবায়নকারী সংস্থা :
 ০৪। প্রকল্প ব্যয় ও বাস্তবায়ন অগ্রগতি :

চুল প্রকল্পের নাম ও বাস্তবায়নকারী (সংশোধন হলে তা পর্যায়ক্রমিকভাবে উপস্থাপন করতে হবে)	প্রকল্পের অবস্থান (জেলা/ উপজেলা)	পূর্ববর্তী অর্থ বছরের জুন পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি		সংশ্লিষ্ট অর্থ বছরে এডিপি বরাদ্দ	নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচনের যৌক্তিকতা
		বাস্তব (%)	আর্থিক		
১	২	৩	৪	৫	৬

- ০৫। প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ:
 ০৬। পরিবীক্ষণ কাজ সম্পাদনে প্রস্তাবিত ব্যয় বিভাগজনঃ
 ৬.১। পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদনের চুক্তির আওতায় ব্যয়ঃ

(অ) সম্মানী (পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান):

পরামর্শকের বিবরণ	জনমাস × প্রতি জনমাসে	=	মোট ব্যয় (টাকায়)
পরামর্শকের পদবী ও সংখ্যা	সম্মানী (টাকায়)		

- (আ) ডাটা সংগ্রহের জন্য প্রশমালা তৈরী, ফিল্ড টেস্টিং, ফোকাস গুপ ডিস্কাশন, পরামর্শক সহযোগী/ইন্টারভিউয়ারদের সম্মানী, প্রশিক্ষণ ভাতা, পরামর্শক, পরামর্শক সহযোগী ও ইন্টারভিউয়ারদের টিএ/ডিএ,ডাটা প্রক্রিয়াজাতকরণ ও বিশ্লেষণ এবং অন্যান্য (রিইমবারসিবল):

আইটেমের নাম	বাস্তব পরিমাণ/সংখ্যা × একক ব্যয় (টাকায়)	=	মোট ব্যয় (টাকায়)
-------------	---	---	--------------------

(ই) প্রতিবেদন প্রণয়ন (রিইমবারসিবল):

প্রতিবেদনের বিবরণ	কপির সংখ্যা × একক ব্যয় (টাকায়)	=	মোট ব্যয় (টাকায়)
-------------------	----------------------------------	---	--------------------

(ঝ) কর্মশালা (রিইমবারসিবল):

আইটেমের নাম	সংখ্যা/বাস্তব পরিমাণ × একক ব্যয় (টাকায়)	=	মোট ব্যয় (টাকায়)
-------------	---	---	--------------------

(ক) জাতীয় পর্যায়ে (৫টি):

.....
-------	-------	-------	-------

(খ) স্থানীয় পর্যায়ে (প্রযোজ্য ক্ষেত্রে এক বা একাধিক):

.....
-------	-------	-------	-------

মোট (জাতীয় + স্থানীয়) =

- পরামর্শক /পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক ব্যয় নির্বাহ করা হবে:
- (উ) সহায়ক জনবল, ব্যবস্থাপনা সহায়তা, সার্ভিস, টেকনিক্যাল/স্ট্রাইং কমিটির সম্মানী ও আপ্যায়ন খরচ এবং আনুষৎগুলি ব্যয় (রিইমবারসিবল):

আইটেমের নাম	বাস্তব পরিমাণ × একক ব্যয় (টাকায়)	=	মোট ব্যয় (টাকায়)
-------------	------------------------------------	---	--------------------

মোট (চুক্তিভুক্ত) =

- ৬.২। আইএমইডি কর্তৃক ব্যয় (সেরাসরি):

আইটেমের নাম	বাস্তব পরিমাণ/সংখ্যা × একক ব্যয় (টাকায়)	=	মোট ব্যয় (টাকায়)
-------------	---	---	--------------------

মোট (সেরাসরি) =

সর্বমোট (৬.১+৬.২) =

(কথায়)

সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

প্রকল্প নির্বাচন ও বাজেট বিভাজন কমিটি

১।	সচিব, আইএমইডি	আহবায়ক
২।	অতিরিক্ত সচিব, আইএমইডি	সদস্য
৩।	প্রধান, আইএমইডি	সদস্য
৪।	মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর (সকল), আইএমইডি	সদস্য
৫।	উপসচিব, সমন্বয়, আইএমইডি	সদস্য
৬।	উপসচিব (প্রশাসন-১)	সদস্য
৭।	উপসচিব (প্রশাসন-৩)	সদস্য
৮।	যুগ্মসচিব, আইএমইডি	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি পরিপত্রের অনুচ্ছেদ ১.১ এ বর্ণিত বিষয়াদি বিবেচনায় এনে প্রকল্প নির্বাচন সম্পন্ন করবে;
- (২) সংশ্লিষ্ট অর্থবছরের বাজেট বরাদের মধ্যে সীমাবদ্ধ থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রকল্প নির্বাচন করে প্রতিটি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কাজের জন্য বাজেট বরাদ চূড়ান্ত করবে; এবং
- (৩) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি।

**চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রমের
কার্যপরিধি (Terms of Reference-ToR)**

পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান/ নিজস্ব জনবলের জন্য কার্যপরিধি (ToR) প্রকল্পের ধরণ অনুযায়ী প্রণয়ন করা যাবে, তবে এতে নিম্নরূপ বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকতে হবেঃ

- (১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা;
- (২) প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অংগভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্ধিবেশন, বিশ্লেষণ, সারণী/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যালোচনা/পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নের অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্প পরিচালক এর প্রকল্প ব্যবস্থাপনা সম্পর্কিত যোগ্যতা, অভিজ্ঞতা, প্রকল্প ব্যবস্থাপনা ও ক্রয় সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ, বিভিন্ন সভা আহবান ও গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে তৎপরতা, প্রকল্প পরিচালক হিসেবে কর্মকাল ইত্যাদি তথ্য-উপাত্ত পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) প্রকল্প অনুমোদন. সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ, অর্থ ছাড়. বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১০) উন্নয়ন সহযোগী সংস্থা কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্তাদি, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১১) প্রকল্প সমাপ্তির পর সৃষ্টি সুবিধাদি টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;
- (১২) SWOT analyses;
- (১৩) উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- (১৪) প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন; এবং
- (১৫) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিষয়াদি ইত্যাদি।

সংযোজনী-৬

চলতি প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ (In-depth Monitoring) কার্যক্রমের জন্য প্রতিবেদন নমুনা কাঠামো (structure)

পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান/ নিজস্ব জনবলের জন্য ইনসেপশন প্রতিবেদন, খসড়া ও চূড়ান্ত প্রতিবেদনসমূহ প্রণয়নের একটি নমুনা কাঠামো

১। ইনসেপশন প্রতিবেদনের বিষয়বস্তুঃ

কভার পৃষ্ঠা, সূচিপত্র;

প্রথম অধ্যায় : সূচনা (পটভূমি, নিবিড় পরিবীক্ষণের উদ্দেশ্য)

দ্বিতীয় অধ্যায় : প্রকল্পের বিবরণ

ক. প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ, বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, লক্ষ্য, উদ্দেশ্য, কার্যক্রম, আউটপুট; খ. অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক লক্ষ্যমাত্রা ও অগ্রগতি পর্যালোচনা ও বিশ্লেষণ (ছক, গ্রাফ বা পরিসংখ্যান টুল ব্যবহার করে); গ. প্রকল্প অনুমোদন, সংশোধন, ব্যয় ও মেয়াদ হাস/বৃক্ষি পর্যালোচনা ও বিশ্লেষণ

তৃতীয় অধ্যায় : প্রকল্পের কর্ম-পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা বিশ্লেষণ

চতুর্থ অধ্যায় : নিবিড় পরিবীক্ষণ কাজ পরিচালনা পদ্ধতি ও সময় ভিত্তিক কর্মপরিকল্পনা

ক. এলাকা নির্বাচন ; খ. নমুনা পদ্ধতি ও আকার নির্ধারণ গ. তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি; ঘ. সময় ভিত্তিক কর্ম-পরিকল্পনা গ. অন্যান্য (যদি থাকে)

পঞ্চম অধ্যায়: উপসংহার

২। প্রতিবেদনের বিষয়বস্তুঃ

২.১ কভার পৃষ্ঠা;

২.২ সূচিপত্র;

২.৩ প্রতিবেদনের নির্বাচী সার-সংক্ষেপ (প্যারাভিত্তিক হবে কিন্তু প্যারার কোন শিরোনাম ও সাব শিরোনাম হবে না এবং এই অংশে পৃষ্ঠা নম্বর Roman small letter- এ হবে। ১ম অধ্যায় হতে প্রতিবেদনের শেষ পৃষ্ঠা পর্যন্ত পৃষ্ঠা সংখ্যা ধারাবাহিকভাবে থাকতে হবে।)

২.৪ Abbreviation and Glossary;

প্রথম অধ্যায়: নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের আওতায় গৃহীত প্রকল্পের বিবরণ;

(ক) পটভূমি (খ) উদ্দেশ্য (গ) প্রকল্পের প্রধান প্রধান কাজসমূহ (ঘ) অনুমোদন/সংশোধন (ঙ) অর্থায়নের অবস্থা (চ) সংক্ষিপ্ত অঙ্গভিত্তিক বিবরণ, ইত্যাদি পর্যালোচনা;

দ্বিতীয় অধ্যায়: নিবিড় পরিবীক্ষণ কার্যক্রমের কার্যপদ্ধতি (Methodology);

(ক) পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR); (খ) প্রতিবেদন প্রণয়নে কর্ম পরিকল্পনা;

তৃতীয় অধ্যায়: (ক) প্রকল্পের সার্বিক এবং অংগভিত্তিক (বাস্তব ও আর্থিক) লক্ষ্যমাত্রা ও (খ) বাস্তবায়ন অগ্রগতির তথ্য সংরিবেশন, (গ) বিশ্লেষণ, (ঘ) সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

চতুর্থ অধ্যায়: প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

পঞ্চম অধ্যায়: প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) অনুসরণ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

ষষ্ঠ অধ্যায়: প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত (ক) স্পেসিফিকেশন, (এক/একাধিক সুনির্দিষ্ট ক্রয়ের কেস স্টেডি উপস্থাপন করাসহ) (খ) গুণগত মান, (গ) পরিমাণ, ইত্যাদি অন্যান্য প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

সপ্তম অধ্যায়: প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা, যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নের অর্থাং পণ্য, কার্য ও সেবা সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃক্ষি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যোলোচনা ও পর্যবেক্ষণ;

অষ্টম অধ্যায়: SWOT analyses;

নবম অধ্যায়: উল্লিখিত বিভিন্ন প্রাপ্ত পর্যবেক্ষণের ভিত্তিতে প্রয়োজনীয় সুপারিশ;

সংযোজনী/পরিশিষ্ট: Bibliography; এবং সংযোজনী (Annexures), (প্রশ্নমালা, তথ্য প্রদানকারী ব্যক্তি ও প্রতিষ্ঠানের তালিকাসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি)।

টেকনিক্যাল কমিটি

১।	প্রধান/ মহাপরিচালক সংশ্লিষ্ট সেক্টর, আইএমইডি	আহবায়ক
২।	সংশ্লিষ্ট সেক্টরের একজন পরিচালক, আইএমইডি	সদস্য
৩।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপসচিব/ উপপ্রধান পর্যায়ের)	সদস্য
৪।	উপসচিব-১/২/৩,(প্রশাসন অনুবিভাগ কর্তৃক মনোনীত)	সদস্য
৫।	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টরের একজন প্রতিনিধি	সদস্য
৬।	প্রকল্প পরিচালক	সদস্য
৭।	সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞান সম্পন্ন বিধিবদ্ধ সংস্থার একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
৮।	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা (ডেক্ষ অফিসার), আইএমইডি	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি নির্বাচিত সমীক্ষাসমূহের জন্য কার্যপরিধি (Terms of Reference-TOR) চূড়ান্ত করবে;
- (২) কমিটি পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রণীত ইনসেপশন প্রতিবেদন (Inception Report))/নিজস্ব জনবল দ্বারা পরিচালিত স্টাডি ডিজাইন ও খসড়া প্রতিবেদন (Draft Report) যাচাই বাছাই করে স্টিয়ারিং কমিটির জন্য সুপারিশ করবে। ওয়ার্কশপের সুপারিশসমূহ প্রতিপালিত হয়েছে কিনা তা টেকনিক্যাল কমিটি যাচাই করবে;
- (৩) কমিটি নিবিড় পরিবীক্ষণ কাজের কর্ম-পরিকল্পনা মোতাবেক প্রতিবেদন প্রণয়নের অগ্রগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে; এবং
- (৪) কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য কার্যাদি সম্পন্ন করবে।



স্টিয়ারিং কমিটি

১।	সচিব, আইএমইডি	আহবায়ক
২।	অতিরিক্ত সচিব, আইএমইডি	সদস্য
৩।	প্রধান, আইএমইডি	সদস্য
৪।	সংশ্লিষ্ট সংস্থা প্রধান	সদস্য
৫।	যুগ্ম-সচিব, আইএমইডি	সদস্য
৬।	মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেন্টার (সকল), আইএমইডি	সদস্য
৭।	সংশ্লিষ্ট পরিচালক, আইএমইডি	সদস্য
৮।	সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক	সদস্য
৯।	উপসচিব (প্রশাসন-৩)	সদস্য
১০।	পরিচালক, সমষ্টি ও এমআইএস সেন্টার, আইএমইডি	সদস্য
১১।	সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (যুগ্ম-সচিব/যুগ্ম-প্রধান এর নিম্নে নয়)	সদস্য
১২।	পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেন্টারের একজন প্রতিনিধি	সদস্য
১৩।	সংশ্লিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞান সম্পর্ক বিধিবদ্ধ সংস্থার একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে)	সদস্য
১৪।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সংশ্লিষ্ট শাখার একজন প্রতিনিধি (সাহায্যপূর্ণ প্রকল্পের ক্ষেত্রে)	সদস্য
১৫।	প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা (ডেক্স অফিসার), আইএমইডি	সদস্য সচিব

কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি নির্ধারিত TOR এবং টেকনিক্যাল কমিটির সুপারিশসহ সার্বিক বিষয়াদি পর্যালোচনা করে ইনসেপশন প্রতিবেদন (Inception Report)/ নিজস্ব জনবল দ্বারা পরিচালিত স্টাডি ডিজাইন ও চূড়ান্ত খসড়া প্রতিবেদন (Final Draft Report) চূড়ান্ত করবে;
- (২) অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি;
- (৩) কমিটি প্রয়োজনে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।